

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক যে সকল সেবা দেয়া হয় উহার আইনের ধারা সমূহ নিম্নরূপ

যৌথবীমাঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ৬ ধারার (খ) অনুচ্ছেদে বর্ণিত আছে - কোন কর্মচারীর কর্মরত অবস্থায় মৃত্যু হলে উক্ত কর্মচারীর পরিবারকে যৌথবীমা বাবদ উক্ত কর্মচারীর সর্বশেষ মূলবেতনের ২৪(চব্বিশ) মাসের সমপরিমাণ সর্বাধিক ১ (এক) লক্ষ টাকার বেশী হবে না প্রদান করা হয়।

কল্যাণ তহবিলঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ১৬ নং ধারার (ক) ও (খ) অনুচ্ছেদে বর্ণিত আছে

(K) অনুচ্ছেদঃ শারীরিক বা মানসিক অসুস্থতার কারণে চাকুরী হতে অপসারিত হলে বা অবসর গ্রহণ করলে অথবা

(L) অনুচ্ছেদঃ চাকুরীরত অবস্থায় মৃত্যু বরণ করলে অথবা উক্ত কর্মচারীর অবসর প্রাপ্তির ১০ বছর অতিদ্রুত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে কর্মচারীর পরিবারের জন্য ১৫(পনের) বছর পর্যন্ত সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা করে মাসিক কল্যাণভাতা প্রদান করা হয়।

চিকিৎসা ভাতাঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ৬ নং ধারার (ঝ) নং অনুচ্ছেদে বর্ণিত আছে - কর্মরত কর্মচারীর জটিল ও ব্যয় বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য সাহায্য প্রদান করা যাবে। এক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীর নিজে চাকুরী জীবনে একবার বা একাধিক বার সর্বোচ্চ ১(এক) লক্ষ টাকা প্রদান করা হয়। পরিবারের সদস্য-যেমন ছেলে-মেয়ে, স্ত্রী ও নির্ভরশীলদের কোন অর্থ সাহায্য এ খাত হতে প্রদান করা হয় না।

দাফন-কাফন/অন্ত্যেষ্টিত্রিয়া/সৎকারঃ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ৬ নং ধারা (চ) অনুচ্ছেদে বর্ণিত আছে কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুজনিত কারণে দাফন-কাফন/অন্ত্যেষ্টিত্রিয়া বাবদ সাহায্য প্রদান করা হয়। এক্ষেত্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে ২৫,০০০/- টাকা এবং পরিবারের সদস্যদের ক্ষেত্রে ৫,০০০/- টাকা চেকের মাধ্যমে প্রদান করা হয়।

শিক্ষাবৃত্তিঃ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ৬ নং ধারার (য়) নং অনুচ্ছেদে বর্ণিত আছে কর্মরত অবসরপ্রাপ্ত মৃত বা শারীরিক ও মানসিক ভাবে অক্ষম কর্মচারীর অধ্যয়নরত সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। এক্ষেত্রে অনাধিক ২(দুই) সন্তানকে বছরে একবার নির্দিষ্ট হারে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

যানবাহনঃ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন - ২০০৪ এর ৬ নং ধারায় (ড) অনুচ্ছেদে বর্ণিত আছে কর্মচারীদের সময়মত কর্মস্থলে যাতায়াত সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহনের ব্যবস্থা করা।

বিজ্ঞপ্তিঃ

বছরের যে কোন সময় যৌথবীমা, কল্যাণ ভাতা এবং চিকিৎসার জন্য আবেদন করা যাবে। আবেদনপত্রের নির্ধারিত ফরম বোর্ডের বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা থেকে সংগ্রহ করা যায়। শুধুমাত্র অবসরপ্রাপ্ত ও অক্ষম কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন প্রতি বছর ৩০ এপ্রিলের মধ্যে জমা দিতে হয়। কর্মরত কর্মচারীদের শিক্ষাবৃত্তি প্রধান কার্যালয়ের বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বছরের প্রথমার্ধে আবেদনপত্র প্রদান ও গ্রহণ করা হয়।